দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 25 FEB 1995 ...
পৃষ্ঠা ১০ কলাম ২

০৪

খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচী

## লৌহজং ভরাকর প্রাথমিক বিদ্যালয়ে ব্যাপক অনিয়মের অভিযোগ

মুন্সীগঞ্জ, ২৪ ফেব্রুয়ারি, (নিজস্ব সংবাদদাতা) ।- খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচী প্রকল্পের ব্যাপক অনিয়মের অভিযোগ সত্ত্বেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করায় প্রকল্পটি ভেস্তে যাওয়ার উপক্রম হয়েছে। এক অভিযোগে জানা যায়, জেলার লৌহজং থানার অন্তর্গত ভরাকর প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের নির্ধারিত গম দেয়া হচ্ছে না। এ বিদ্যালয়ের প্রতিটি ছাত্র-ছাত্রীর জন্য ১৫ থেকে ২০ কেজি গম বরাদ্দ থাকা সত্ত্বেও ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ হচ্ছে মাথাপিছু মাত্র ৫ থেকে ১০ কেজি গম। বাকি গমের হদিস জানতে চেয়ে প্রতিনিয়ত অপমানিত হচ্ছেন অভিভাবকগণ। সরকারী প্রতিনিধির উপস্থিতিতে গম বিতরণের নিয়ম থাকা সত্ত্বেও তা মানা হচ্ছে না। বরং সাপ্তাহিক ছুটির দিনে গম বিতরণ করছে। এতে কোমলমতী ছাত্র-ছাত্রীরা সাপ্তাহিক ছুটি থেকে বঞ্চিত হচ্ছে। আর দিন দিন এদের উৎসাহেও ভাটা পড়ছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও প্রকল্পের চেয়ারম্যান অযৌক্তিক কথা বলে বা অশোভন আচরণ করে বিদায় করছে অনিয়ম জানতে চাওয়া গ্রামের সহজ সরল অভিভাবকদের। এ ব্যাপারে ভরাকর গ্রামের অধিবাসী এবং উক্ত বিদ্যালয়ের জনৈক এক ব্যক্তি লৌহজং থানা নির্বাহী কর্মকর্তার বরাবর গত ৪ ফেব্রুয়ারি এক অভিযোগও দিয়েছেন। কিন্তু আজ পর্যন্ত এর সুরাহা হয়নি বলে জানা গেছে।

AND STATISTICS

SHEET —— OF —— SHEETS

3. SYSTEM

4. DATE

65 66 67 68 69 70 71 72 73 74 75 76 77 78 79 80